

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪০২৩, ৪০২৪]

৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (كتاب المغازی)

পরিচ্ছেদঃ ২১৭৪. পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّثَنِي إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرٍ، عَنْ أَبِيهِ، قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْمَغْرِبِ بِالطُّورِ، وَذَلِكَ أَوَّلَ مَا وَقَرَ الْإِيمَانُ فِي قَلْبِي.

وَعَنِ الزُّهْرِيِّ، عَنْ مُحَمَّدِ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي أُسَارَى بَدْرٍ " لَوْ كَانَ الْمُطْعِمُ بْنُ عَدِيٍّ حَيًّا ثُمَّ كَلَّمَنِي فِي هَؤُلَاءِ النَّتْنَى لَتَرَكْتُهُمْ لَهُ ". وَقَالَ اللَّيْثُ عَنْ يَحْيَى، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، وَقَعَتِ الْفِتْنَةُ الْأُولَى - يَعْنِي مَقْتَلَ عُثْمَانَ - فَلَمْ تُبْقِ مِنْ أَصْحَابِ بَدْرٍ أَحَدًا، ثُمَّ وَقَعَتِ الْفِتْنَةُ الثَّانِيَةُ - يَعْنِي الْحَرَّةَ - فَلَمْ تُبْقِ مِنْ أَصْحَابِ الْحُدَيْبِيَّةِ أَحَدًا ثُمَّ وَقَعَتِ الثَّالِثَةُ فَلَمْ تَرْتَفِعْ وَلِلنَّاسِ طَبَاحٌ.

বাংলা

৩৭৩১। ইসহাক ইবনু মানসূর (রহঃ) ... জুবায়র (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মাগরিবের সালাতে সূরা তুর পড়তে শুনেছি। এ ঘটনা থেকেই সর্বপ্রথম আমার হৃদয়ে ঈমান বদ্ধমূল হয়। (অপর এক সনদে) যুহরী (রহঃ) মুহাম্মদ ইবনু জুবায়র ইবনু মুত'ঈমের মাধ্যমে তার পিতা জুবায়র ইবনু মুত'ঈম (রাঃ) থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বদরের যুদ্ধবন্দীদের সম্পর্কে বলেছেন, মুত'ঈম ইবনু 'আদী যদি বেচে থাকতেন[১] আর এসব কদর্য লোকদের সম্পর্কে যদি আমার নিকট সুপারিশ করতেন, তাহলে তার খাতিরে এদেরকে আমি (মুক্তিপণ ব্যতীতই) ছেড়ে দিতাম। লায়স ইয়াহ'ইয়ার সূত্রে সা'ঈদ ইবনু মুসায়্যাব (রহঃ) থেকে বর্ণনা করেন যে, প্রথম ফিতনা[২] অর্থাৎ 'উসমান হত্যাকাণ্ড সংঘটিত হবার পর বদর যুদ্ধে অংশগ্রহণকারী সাহাবীদের আর কেউ অবশিষ্ট ছিলেন না। দ্বিতীয়[৩] ফিতনা তথা হারবার ঘটনা সংঘটিত হলে পর হুদায়বিয়ার সন্ধিকালীন সময়ে কোন সাহাবীই আর বাকী ছিলেন না। এরপর তৃতীয় ফিতনা সংঘটিত হওয়ার পর তা কখনো শেষ হয়নি, যতদিন মানুষের মধ্যে আক্ল ও কল্যাণকামিতা বিদ্যমান ছিল।

## English

Narrated Jubair bin Mut'im:

I heard the Prophet (ﷺ) reciting Surat-at-Tur in Maghrib prayer, and that was at a time when belief was first planted in my heart. The Prophet (ﷺ) while speaking about the war prisoners of Badr, said, "Were Al-Mutim bin Adi alive and interceded with me for these filthy people, I would definitely forgive them for his sake."

Narrated Said bin Al-Musaiyab:

When the first civil strife (in Islam) took place because of the murder of 'Uthman, it left none of the Badr warriors alive. When the second civil strife, that is the battle of Al-Harra, took place, it left none of the Hudaibiya treaty companions alive. Then the third civil strife took place and it did not subside till it had exhausted all the strength of the people.

## ফুটনোট

[১] মুত'ঈম ইবনু আদী নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাদার চাচাতো ভাই ছিলেন। তিনই তায়েফ থেকে মক্কায় প্রত্যাবর্তনের পর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে আশ্রয় দিয়ে ছিলেন। মমত্ববোধের কারণেই তিনি তার সম্পর্কে একথা বলেছেন।

[২] তৃতীয় খলীফা উসমান (রাঃ) ইয়াহুদী সন্তান মুনাফিক আবদুল্লাহ ইবনু সাবা কর্তৃক উসকিয়ে দেয়া মিসরবাসী কপিতয় বিদ্রোহী লোকেরা হাতে উনপঞ্চাশ দিন কিংবা দুই মাস বিশ দিন অবরুদ্ধ থাকার পর ৮ই যিলহাজ্জ জুমু'আর দিন এ পৃথিবী থেকে চরবিদায় গ্রহণ করেন।

[৩] হাররা মদিনার নিকটবর্তী কাল পাথরবিশিষ্ট একটি জায়গার নাম। এখানেই ৬৩ হিজরী সনের যিলহাজ্জ মাসে একটি মর্মান্তিক দুর্ঘটনা সংগঠিত হয়েছিল। অর্থাৎ মু'আবিয়া (রাঃ)-এর পুত্র ইয়াযীদেদে শাসন আমলে তারই নির্দেশে তার সেনাবাহিনী মদিনায় ত্রাসের রাজত্ব কায়েম করে এবং ব্যাপক গণহত্যা ও লুটতরাজ আরম্ভ করে। এমনকি তারা মসজিদে নববীকে আস্তাবলে পরিণত করে। ফলে মসজিদে নববীতে কয়েকদিন পর্যন্ত সালাত (নামায/নামাজ)-এর জামা'আত কায়েম করা সম্ভব হয়নি।

[৪] এ ফিতনাটি কারো মতে ১৩০ হিজরী সনে মারওয়ান ইবনু মুহাম্মদ ইবনু মারওয়ান ইবনু হাযামের খিলাফতকালে সংঘটিত আবু হামযা খারিজীর ফিতনা। আবার কারো মতে ৭৪ হিজরী সনে হাজ্জাজ ইবনু ইউসুফ কর্তৃক আবদুল্লাহ ইবনু যুবার (রাঃ)-কে হত্যা করা ও কাবা ঘর ধ্বংস করার ফিতনা।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত'ইম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=3989>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন